অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 8 এপ্রিলের পূর্ণ সূর্যগ্রহণের সময়কার পর্যটনে রেকর্ড সংখ্যা ঘোষণা করলেন

6 এপ্রিল থেকে 9 এপ্রিল পর্যন্ত প্রায় এক মিলিয়ন দর্শনার্থী নিউ ইয়র্ক স্টেট পার্কসমূহে এসেছে, এটি 2023 সালের উপস্থিতির তুলনায় 45 শতাংশ বৃদ্ধি

নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষ ফ্যাসিলিটিসমূহ বিশেষ দেখার ইভেন্টের আয়োজন করেছে, 10,000 এর বেশি দর্শনার্থীকে স্বাগত জানিয়েছে

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে কর্তৃপক্ষ এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ যানবাহনের যাত্রায় উল্লেখযোগ্য বৃদ্ধি রেকর্ড করেছে

7 এপ্রিল এবং 8 এপ্রিল, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ বৈদ্যুতিক যানবাহনের জন্য গত সপ্তাহের তুলনায় প্রায় দ্বিগুণ চার্জিং মাইল প্রদান করেছে

গভর্নর হোকল পূর্ণ সূর্যগ্রহণের অভিজ্ঞতা নিতে নায়াগ্রা ফলস স্টেট পার্কে যান; ছবি এবং বি-রোল এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে দর্শনার্থীরা পূর্ণ সূর্যগ্রহণ দেখতে আসার ফলে 6 থেকে 9 এপ্রিল পর্যন্ত নিউ ইয়র্কের পর্যটনে রেকর্ড সংখ্যা দেখা গিয়েছে। 6 থেকে 9 এপ্রিল পর্যন্ত প্রায় এক মিলিয়ন মানুষ নিউ ইয়র্কের স্টেট পার্কসমূহে (New York State Parks) গিয়েছে, যা গত বছরের তুলনায় 45 শতাংশ বেশি নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ (New York State Thruway Authority) এবং নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) যানবাহনের যাত্রায় উল্লেখযোগ্য বৃদ্ধি রেকর্ড করেছে, এবং নিউ ইয়র্কের বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) বৈদ্যুতিক যানবাহনের জন্য গত সপ্তাহের তুলনায় প্রায় দ্বিগুণ চার্জিং মাইল প্রদান করেছে। গভর্নর হোকল নায়াগ্রা ফলস স্টেট পার্কে (Niagara Falls State Park) সোমবার এই স্বর্গীয় ইভেন্টের অভিজ্ঞতা গ্রহণ করা 45,000 দর্শনার্থীর মধ্যে একজন ছিলেন।

"মহিমাময় নায়াগ্রা ফলস থেকে বিশাল অ্যাডিরন্ড্যাক পর্যন্ত, প্রজন্মে একবার হয় এমন স্বর্গীয় এই ঘটনার সাক্ষী হওয়ার জন্য নিউ ইয়র্ক বিশ্বের সেরা স্থানগুলির একটি ছিলো," **গভর্নর হোকল বলেন।** "পূর্ণ সূর্যগ্রহণের সময় রেকর্ড সংখ্যক দর্শনার্থীদের স্বাগত জানানোর জন্য

আমরা এক বছরের বেশি সময় ধরে পরিকল্পনা করেছি, এবং সেই প্রস্তুতি ইভেন্টটিকে নিরাপদ ও সফল করতে সাহায্য করেছে।"

প্রজন্মে একবার হওয়ার এই ইভেন্টটির জন্য স্টেটে প্রত্যাশিত দর্শনার্থীদের আগমনকে স্বাগত জানানোর প্রস্তুতির জন্য 2022 সালের অক্টোবর মাসে গভর্নর হোকল একটি আন্তঃএজেন্সি টাস্ক ফোর্স (Interagency Task Force) সমবেত করেন যা প্রায় দুই ডজন স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষকে নিয়ে গঠিত। আন্তঃএজেন্সি টাস্ক ফোর্স জড়িত নিউ ইয়র্ক স্টেট এজেন্সিগুলি বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য রেকর্ড সেবা প্রদান করার ব্যাপারে রিপোর্ট করেছে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক

6 থেকে 9 এপ্রিল পর্যন্ত, পূর্ণ সূর্যগ্রহণের সাক্ষী হতে এবং উদযাপন করতে প্রায় এক মিলিয়ন দর্শনার্থী নিউ ইয়র্কের স্টেট পার্কগুলিতে গেছে, যা 2023 সালের একই দিনগুলির তুলনায় 45 শতাংশের বেশি উপস্থিতি। শুধু 8 এপ্রিল, নিউ ইয়র্ক স্টেট পার্কস 326,500 জন দর্শনার্থীকে স্বাগত জানিয়েছে, এটি গত বছরের তুলনায় উপস্থিতিতে 52 শতাংশের বেশি বৃদ্ধি। 8 এপ্রিল 12টি স্টেট পার্ক সম্পূর্ণ ধারণক্ষমতায় পৌঁছায়।

- ক্যাইয়ুগা লেক (সেনেকা কাউন্টি)
- চিমনি ব্লাফস (ওয়েইন কাউন্টি)
- ক্রাউন পয়েন্ট (এসেক্স কাউন্টি)
- কাম্বারল্যান্ড বে (ক্লিন্টন কাউন্টি)
- ফেয়ার হাভেন স্টেট পার্ক (ক্যাইয়ুগা কাউন্টি)
- জন ব্রাউন ফার্ম (এসেক্স কাউন্টি)
- পয়েন্ট অউ রোশে (ক্লিন্টন কাউন্টি)
- রবার্ট হোয়েল (জেফার্সন কাউন্টি)
- সেলকার্ক (ওসওয়েগো কাউন্টি)
- সেনেকা লেক (সেনেকা কাউন্টি)
- সাউথউইক বীচ (জেফার্সন কাউন্টি)
- স্টোনি ব্রুক স্টেট পার্ক (স্টুবেন কাউন্টি)

গভর্নর হোকল সম্পূর্ণতার পথে থাকা স্টেট পার্কগুলিতে ক্যাম্পগ্রাউন্ডসমূহ দ্রুত খুলে দিয়েছিলেন যাতে পূর্ণ সূর্যগ্রহণের দর্শকদের থাকার ব্যবস্থা প্রদান করা যায়, এগুলি 7 এপ্রিলের রাতের জন্য সম্পূর্ণ এবং 8 এপ্রিলের রাতের জন্য 93 শতাংশ বুক হয়ে গিয়েছিলো। দর্শনার্থীদের স্বাগত জানানোর জন্য, নিউ ইয়র্ক স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইট 8 এপ্রিল বহু সূর্যগ্রহণ দেখার জমায়েতের আয়োজন করে। পাশাপাশি, বিজ্ঞানী, এইসব বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি এবং জাতীয় অ্যারোনেটিক্স এবং মহাশূন্য প্রশাসনের (National Aeronautics and Space Administration, NASA) মহাকাশচারীরা 8 এপ্রিল পর্যন্ত নায়াগ্রা ফলস স্টেট পার্কে বিভিন্ন কর্মসূচি ও প্রদর্শনী প্রদান করেছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ

7 এবং 8 এপ্রিল, নিউ ইয়র্ক স্টেট বিদ্যুৎ কর্তৃপক্ষ জানায় যে ইভলভ (EVolve) স্টেশনগুলি 260,000 মাইলের বেশি গাড়ি চালানোর সরবরাহ প্রদান করেছে, যা বিগত সপ্তাহের একই দিনগুলিতে প্রদান করা মাইলের থেকে 115,000 মাইল বেশি।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)
সূর্যগ্রহণের পূর্বে এবং সময় নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কর্মী ও সংস্থান সম্পূর্ণভাবে নিযুক্ত থেকে ট্র্যাফিকের অবস্থা পর্যবেক্ষণ করেছে, জরুরি অবস্থায় সাড়াদান করেছে এবং মোটরচালকদের নিরাপদে এবং যত সম্ভব কম বিলম্ব করে তাদের গন্তব্যে পৌঁছাতে সাহায্য করেছে। প্রত্যাশা অনুযায়ী, সম্পূর্ণতার পথে থাকা নিউ ইয়র্ক স্টেটের কিছু এলাকায়, বিশেষ করে নর্থ কান্ট্রি এবং অ্যাডিরন্ড্যাকে মাঝারি থেকে ভারী ট্র্যাফিক দেখা গেছে, এবং দ্রুত সমাধান করে ফেলা অল্প কিছু সংঘর্ষ ব্যতীত বড় কোনো ঘটনার খবর পাওয়া যায়নি।

নিউইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের
5 এপ্রিল, শুক্রবার থেকে শুরু করে 9 এপ্রিল, মঙ্গলবার পর্যন্ত পাঁচ দিন, 5.5 মিলিয়নের বেশি টোল লেনদেনের হিসাব পাওয়া গেছে। সবথেকে বেশি হয়েছে 9 এপ্রিল, মঙ্গলবার, যেদিন 1.2 মিলিয়ন টোল লেনদেন হয়েছে, যা বিগত বছরের তুলনায় 21 শতাংশ বেশি। সূর্যগ্রহণের সপ্তাহান্তে গ্যাস বিক্রি এবং সেবা এলাকায় সার্বিক বিক্রি প্রায় দ্বিগুণ হয়েছে, এবং 9 এপ্রিল, মঙ্গলবার এটি সর্বোচ্চ ছিলো, যা একটি গ্রীষ্মকালীন বেড়ানোর সপ্তাহান্তের অনুরূপ। পাশাপাশি, বৈদ্যুতিক যানবাহন (Electric Vehicle, EV) চার্জিং স্টেশনে চার্জিং সেশন মার্চ মাসের সপ্তাহান্তের তুলনায় 111 শতাংশ বেশি ছিলো।

নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষ
হোয়াইটফেস মাউন্টেন, গোর মাউন্টেন, বেলাইর মাউন্টেন, অলিম্পিক সেন্টার, মাউন্ট ভ্যান হোভারবার্গ এবং অলিম্পিক জাম্পিং কমপ্লেক্সের মতো নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের (New York State Olympic Regional Development Authority) ফ্যাসিলিটিসমূহ 10,000 এর বেশি অতিথিদের স্বাগত জানিয়েছে। 8 এপ্রিল সূর্যগ্রহণ দেখার জন্য সকল ফ্যাসিলিটি উন্মুক্ত রাখা হয় এবং সেখানে দর্শনার্থীদের জন্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভেন্যুগুলি মূলত দর্শনার্থীদের আকৃষ্ট করতে, বিনোদন, প্রশিক্ষণ এবং প্রতিযোগিতার জন্য ব্যবহার করা হয়।

নিউ ইয়র্ক স্টেট তথ্য প্রযুক্তি সেবা অফিস
নিউ ইয়র্ক স্টেট পার্কের সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্ক স্টেট তথ্য প্রযুক্তি সেবা অফিস (Office of Information Technology Services, ITS) নায়াগ্রা ফলস স্টেট পার্কের অভ্যন্তরের ডিজিটাল অবকাঠামোকে উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে, এটি একটি বড় আকারের উদ্যোগের অংশ যেখানে দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নত করার জন্য একটি অত্যন্ত স্থিতিস্থাপক, বোলিং, এবং উচ্চগতির নেটওয়ার্কের ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি, ITS এর কর্মচারীরা সফলতা নিশ্চিত করার জন্য ইভেন্টের পূর্বে ও ইভেন্ট চলাকালে সাইটে অবস্থান করেছে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "কী দারুণ একটা দিন কাটলো! জীবনে একবার হয় এমন পূর্ণ সূর্যগ্রহণ উপভোগ করার জন্য সারা বিশ্ব থেকে মানুষ আমাদের পার্ক ও ঐতিহাসিক সাইটে

এসেছে। দুই বছর ধরে আমাদের কর্মীরা এবং পার্ক পুলিশ (Park Police) যে কঠোর পরিশ্রম করেছে তার কারণে লাখ লাখ মানুষ একটি সমৃদ্ধ, স্মরণীয় অভিজ্ঞতা উপভোগ করেছে। এই ইভেন্টটিকে দারুণভাবে সফল করার জন্য গভর্নর হোকলের নেতৃত্ব এবং সেই সাথে আমাদের স্টেট এবং স্থানীয় অংশীদারদের সহায়তার জন্য আমি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "অসাধারণ কিছু করতে প্রায়ই পুরো গ্রামের অংশগ্রহণের প্রয়োজন হয়, এবং গভর্নর হোকলের নেতৃত্বাধীনে একটি বহু এজেন্সির প্রয়াসের কারণে এই সপ্তাহের সূর্যগ্রহণ নিউ ইয়র্কের জন্য জোরালোভাবে সফল হয়। পুরো স্টেটের মানুষ সতর্কতা মেনে চলে, দ্রুত পৌঁছায় এবং এম্পায়ার স্টেটে উপলভ্য অনেক বিস্ময় উপভোগ করার জন্য দেরি করে ফেরত যায়। এর মাঝখানে মানুষ একটি প্রাকৃতিক ঘটনার অভিজ্ঞতা গ্রহণ করতে পেরেছে যা সত্যিই অবিস্মরণীয় ছিলো। বহু দিন, সপ্তাহ এবং মাসের পরিকল্পনা কাজে লেগেছে, এবং প্রজন্মে একবার হয় এমন ইভেন্টটির জন্য NYSDOT এর দল যেই ভূমিকা পালন করেছে তার জন্য আমি অত্যন্ত গর্বিত।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি. হোয়ার এস্কয়ার বলেন, "সূর্যগ্রহণের জন্য প্রস্তুতি এক বছরের বেশি আগে শুরু হয়, এবং পুঙ্খানুপুঙ্খ পরিকল্পনা সফল প্রমাণিত হয়েছে যেহেতু পুরো স্টেটের থ্রুওয়েতে বড় কোনো বিঘ্ন ঘটেনি। অনেক দিক থেকেই স্মরণীয় একটি অভিজ্ঞতা প্রদান করার জন্য স্টেকহোল্ডারদের একত্রিত করা এই সহযোগিতামূলক, বহু এজেন্সির প্রয়াসের নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর হোকল এবং তার প্রশাসনকে ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি অগণিত ব্যক্তির প্রতি আমার কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই যারা সূর্যগ্রহণ দেখার জন্য থ্রুওয়ে সিস্টেমের মাধ্যমে নিরাপদে যাত্রা করেছে, দেখার অবস্থানে দ্রুত পৌঁছানো এবং সেখান থেকে দেরি করে ফেরার পরামর্শ মেনে চলেছে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের নায়াগ্রা এবং সেইন্ট লরেন্স জলবিদ্যুৎ প্ল্যান্টসমূহ উভয়েই সূর্যগ্রহণের সম্পূর্ণতার পথে ছিলো এবং এগুলির দর্শনার্থী কেন্দ্রগুলি মুখ্য দেখার অবস্থান হিসেবে ব্যবহৃত হয়েছে। প্রজন্মে একবার হয় এমন ঘটনা আমাদের সাথে দেখার জন্য দর্শনার্থীদের একটি জায়গা প্রদান করতে, এবং সেই সাথে এখানে পৌঁছানোর একটি পথ প্রদান করতে পেরে NYPA তে আমরা আনন্দিত। বিদ্যুৎ কর্তৃপক্ষের EV চার্জিং স্টেশনের ইভলভ নিউ ইয়র্ক নেটওয়ার্ক EV চালকদেরকে দারুণ এই উপলক্ষে নির্ভরযোগ্যভাবে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে যাত্রা করতে পারা নিশ্চিত করতে সাহায্য করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান তথ্য কর্মকর্তা ড্রু রাই বলেন, "তথ্য প্রযুক্তি সেবা অফিস একটি সাবলীল এবং স্থিতিস্থাপক প্রযুক্তি নেটওয়ার্ক তৈরি করতে পেরে গর্বিত যার ফলে হাজার হাজার দর্শনার্থী, জাতীয় অ্যারোনেটিক্স এবং মহাশূন্য প্রশাসন এবং মিডিয়ার সদস্যদেরকে এই দুর্দান্ত, জীবনে একবার হয় এমন অভিজ্ঞতাকে বিশ্বের সামনে তুলে ধরতে পেরেছে। স্টেট সরকার এর সেরা কাজ করে যখন আমরা একত্রে কাজ করি, এবং নিউ ইয়র্কের জন্য ঐতিহাসিক এই ইভেন্টে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে আমাদের অংশীদারদের সাথে যোগদান করতে পেরে আমরা আনন্দিত।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন